

যুগান্তর

বাউবি শিক্ষা প্রদানে প্রদীপ হিসেবে কাজ করছে

-গাজীপুর সিটি মেয়র

প্রকাশ : ২২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 গাজীপুর প্রতিনিধি

গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র মো. জাহাঙ্গীর আলম বলেছেন মানুষের শিক্ষা লাভের যে কোনো বয়স নেই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তা প্রমাণ করেছে। এ বিশ্ববিদ্যালয়টি সব বয়সের মানুষের শিক্ষা লাভের জন্য সুবর্ণ সুযোগ সৃষ্টি করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়টি শিক্ষা প্রদানের ক্ষেত্রে একটি প্রদীপ হিসেবে কাজ করছে। যারা বিভিন্ন কারণে নিয়মিত শিক্ষালাভ করতে পারেননি অথবা বয়সের কারণে শিক্ষাজ্ঞান থেকে বাদ পড়েছেন তারাই এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভের সুযোগ পাচ্ছেন। তিনি বলেন, যারা বিদেশে কাজ করছেন অথবা বিভিন্ন কারণে বিদেশে অবস্থান করছেন তাদের জন্যও শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি করে দিয়েছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। এটা অবশ্যই এ বিশ্ববিদ্যালয়ের এবং আমাদের দেশের জন্য গৌরবের বিষয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) প্রতিষ্ঠার ২৭তম বার্ষিকী উপলক্ষে সোমবার বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএ মাননান।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এরপর ভিসি কার্যালয়ে কেক কাটা অনুষ্ঠানে অংশ নেন মেয়র মো. জাহাঙ্গীর আলম, ভিসি অধ্যাপক ড. এমএ মাননান, ইউজিসি অধ্যাপক ড. আবদুল মান্নান আকন্দ, প্রো-ভিসি অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেস হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. আসফাক হোসেন, রেজিস্ট্রার ড. মো. শফিকুল আলম, পরিচালক তথ্য ও জনসংযোগ (পিআরএল) আবুল কাশেম শিকদার প্রমুখ। এর আগে রঙিন বেলুন ও সাদা পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। বিশ্ববিদ্যালয়ের দেশব্যাপী ১২টি আঞ্চলিক কেন্দ্রসহ সব ক্যাম্পাসে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়। অনুষ্ঠানে ভিসি অধ্যাপক ড. এমএ মাননান বলেন, দেশের একমাত্র উন্মুক্ত ও দূর শিক্ষানির্ভর এ বিশ্ববিদ্যালয়টি এ বছর ২৮ বছরে পদার্পণ করেছে। সারা দেশে উন্মুক্ত এবং দূরশিক্ষণের মাধ্যমে শিক্ষা মহাসরণি থেকে বারপড়া, সুযোগবঞ্চিত নারী-পুরুষ ও ক্ষুদ্র নৃগোষ্ঠী পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য দেশের সব বয়সের সব মানুষের শিক্ষা প্রতিষ্ঠান উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠার ২৭ বছরে এসে ৫৭টি আনুষ্ঠানিক একাডেমিক প্রোগ্রাম ও ১৯টি অনানুষ্ঠানিক শিক্ষা প্রোগ্রামে প্রায় ৬ লাখ শিক্ষার্থী দেশজুড়ে ১৫৭৬টি স্টাডি সেন্টারে মাধ্যমিক থেকে পিএইচডি শিক্ষা পর্যায় পর্যন্ত শিক্ষার্থী এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করেছে। সারা দেশে ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে বিশ্ববিদ্যালয়টি শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করছে। তথ্য-প্রযুক্তি ও ইলেকট্রনিক্স মিডিয়ায় ব্যবহারের মাধ্যমে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার সুযোগ সবার জন্য অব্যাহত করেছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।